বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
Bangladesh College of Physicians & Surgeons
BCPS

বিসিপিএস নং- আরটিএম-৭১২/২০২৫/২৪৩৩৮

তারিখঃ ০১/০১/২০২৫ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় জানুয়ারি ২০২০ সেশন হইতে জানুয়ারি ২০২৪ সেশনে এফসিপিএস ১ম পর্ব পাসকৃত এবং বিসিপিএস কর্তৃক স্বীকৃত সরকারি ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানসমূহে ০১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখে ফেলোশীপ প্রশিক্ষণে প্রবেশ করেছেন তাঁদেরকে শর্ত সাপেক্ষে পারিতোষিক প্রদান করা হবে। এমতাবস্থায়, কলেজের ওয়েবসাইটের **http://application1.bcps.edu.bd** এই লিঙ্কে প্রবেশ করে অনলাইন আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে **আগামী ২৩ জানুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখের মধ্যে আবেদনপত্রের প্রিন্ট কপি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজের আরটিএম বিভাগে (ব্লক-বি, ২য় তলা) জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা যাচ্ছে।

যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ স্থলের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাকটিস করেন অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করেন তাঁদের বেলায় উক্ত পারিতোষিকের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

উল্লেখ্য যে, জুলাই ২০২৪ এবং জানুয়ারি ২০২৫ সেশনে এফসিপিএস ১ম পর্ব পাসকৃত যে সকল বেসরকারি প্রশিক্ষণার্থী সরকারি প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক তাঁদেরকে প্রশিক্ষণের জন্য সরকারি প্রতিষ্ঠানের বিসিপিএস কর্তৃক স্বীকৃত সকল ডিসিপ্লিনে অনলাইন অটোমেশনে পদায়ন করা হবে। অতিস্বত্তর এতদ্সংক্রান্ত লিঙ্ক ও নোটিশ বিসিপিএস এর ওয়েবসাইটে দেওয়া হবে।

এতদ্সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য কলেজের ওয়েবসাইট (**www.bcps.edu.bd**) ভিজিট করুন।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)
সচিব, বিসিপিএস।

SCAN ME

সংযুক্তঃ এফসিপিএস ১ম পর্ব পাস করা অবৈতনিক প্রশিক্ষণার্থীদের জন্য পারিতোষিক ভাতা প্রদান সংক্রান্ত আবেদন ফরম পূরণের নির্দেশিকা।

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
Bangladesh College of Physicians & Surgeons

BCPS

বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় অবৈতনিক/ বেসরকারি প্রশিক্ষণার্থীদের ভাতাদি বাবদ পারিতোষিক প্রদান সংক্রান্ত আবেদন ফরম পূরণের নির্দেশিকাঃ

১. Name, Father's/Spouse Name, Mother's Name এনআইডি/স্মার্ট কার্ড মোতাবেক লিখতে হবে।

২. একই ইমেইল আইডি ও মোবাইল নাম্বার একাধিক আবেদনকারীর রেজিষ্ট্রেশনের জন্য ব্যবহার করা যাবে না। নিরাপত্তা ও গোপনীয়তার স্বার্থে রেজিষ্ট্রেশনের সময় শুধুমাত্র ব্যক্তিগত ইমেইল আইডি ও মোবাইল নাম্বার ব্যবহার করুন।

৩. বিএমডিসি নম্বর লেখার ক্ষেত্রে প্রথমে A লেখার প্রয়োজন নেই। একটি বিএমডিসি নম্বর দিয়ে শুধুমাত্র একবারই আবেদন করা যাবে। ইতঃপূর্বে যাঁরা পারিতোষিকের জন্য আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৪. এফসিপিএস পার্ট-১ পাসের পর কলেজের আইটি বিভাগ হতে প্রাপ্ত (১০ ডিজিট) রেজিষ্ট্রেশন নম্বর লিখতে হবে।

৫. **NID** নম্বর ১৭ ডিজিট অথবা স্মার্ট কার্ড ১০ ডিজিট হতে হবে। যদি **NID** ১৩ ডিজিট থাকে তাহলে পূর্বে জন্ম সন উল্লেখ করে ১৭ ডিজিট পূরণ করতে হবে।

৬. বর্তমানে কোথাও রেসিডেন্সি কোর্স/ ডিপ্লোমা কোর্স/ পেইড ট্রেনিং/ চাকুরিতে থাকলে Yes এ ক্লিক করতে হবে এবং শুরুর তারিখ ও শেষ হওয়ার সম্ভাব্য তারিখ পূরণ করতে হবে (যে সকল আবেদনকারী এফসিপিএস কোর্স ব্যতীত **রেসিডেন্সি কোর্স/ ডিপ্লোমা কোর্স/ পেইড ট্রেনিং/ চাকুরিতে** আছেন তাঁরা এই সম্মানীর আওতাভুক্ত নন)। বর্তমানে কোথাও রেসিডেন্সি কোর্স/ ডিপ্লোমা কোর্স/ পেইড ট্রেনিং/ চাকুরিতে না থাকলে No এ ক্লিক করতে হবে।

৭. বর্তমানে কোথাও ট্রেনিং এ থাকলে Yes এ ক্লিক করতে হবে এবং কোন সুপারভাইজারের অধীনে প্রশিক্ষণ নিচ্ছেন তা উল্লেখপূর্বক চলতি ৬ মাসের প্রশিক্ষণ শুরুর তারিখ ও শেষ তারিখ পূরণ করতে হবে।

৮. পূর্বের কোন ট্রেনিং/ ডিপ্লোমা/ এফসিপিএস কোর্স থাকলে (প্রযোজ্য হলে) প্রতিষ্ঠানের নাম সহ কোন সুপারভাইজারের অধীনে ট্রেনিং করেছিলেন তা উল্লেখপূর্বক শুরুর তারিখ ও শেষ তারিখ পূরণ করতে হবে।

৯. অবশিষ্ট প্রশিক্ষণের ক্ষেত্রে পছন্দক্রম অনুযায়ী প্রতিষ্ঠানের নাম সহ কোন বিভাগে কতদিন ট্রেনিং করতে ইচ্ছুক তা উল্লেখপূর্বক প্রশিক্ষণ গ্রহণের শুরুর তারিখ ও শেষ তারিখ পূরণ করতে হবে।

১০. আবেদনকারীর অবশ্যই **সচল** অনলাইন ও **ব্যক্তিগত** ব্যাংক হিসাব নম্বর লিখতে হবে। উল্লেখ্য, অফলাইন ও অন্য ব্যক্তির ব্যাংক তথ্য গ্রহণযোগ্য নয় এবং ব্যাংক তথ্য পরিবর্তন করা যাবে না। উক্ত কারণে টাকা পেতে বিলম্ব হলে/ না পেলে বিসিপিএস কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ব্যাংকের ব্যক্তিগত হিসাবের বিপরীতে রাউটিং নম্বর যুক্ত চেক বহি বা ব্যাংক স্টেটমেন্ট এর ফটোকপি জমা দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১১. আবেদন সাবমিট করার পরে উক্ত আবেদন পত্রের প্রিন্ট কপি অফিস চলাকালীন সময়ে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজের আরটিএম বিভাগে জমা দিতে হবে। পিডিএফ কপি না আসলে/ অসম্পূর্ন আসলে পিডিএফ কপির জন্য আরটিএম বিভাগে যোগাযোগ করতে হবে।

১২. সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই আবেদন ফরম দাখিলের সময় উক্ত সময়ে প্রশিক্ষণরত আছেন এই মর্মে যোগদানপত্র সহ অফিস আদেশ/ প্রজ্ঞাপন জমা দিতে হবে।

১৩. আবেদন ফরম জমাদানের পর আবেদন ফরমে উল্লেখিত কোন তথ্য পরিবর্তন করতে হলে অবশ্যই আরটিএম বিভাগের অনারারি পরিচালক বরাবর লিখিত আবেদনের মাধ্যমে অবহিত করতে হবে।

১৪. যাঁরা প্রতিষ্ঠান পরিবর্তন/ অনারারি প্রশিক্ষণ বিরতি/ বিরতির পরে পূনরায় প্রশিক্ষণে যোগদান করতে চান তবে তাঁদেরকে অবশ্যই অনারারি পরিচালক (আরটিএম), বিসিপিএস বরাবর আবেদনের মাধ্যমে অবহিত করতে হবে। উক্ত আবেদনপত্র অবশ্যই বিরতি গ্রহণ/ যোগদানের **এক মাসের মধ্যে** কলেজের আরটিএম বিভাগে জমা দিতে হবে।

১৫. সকল অবৈতনিক/ বেসরকারি প্রশিক্ষণার্থীদেরকে **৬ মাস পর পর** (নির্ধারিত সময়ের মধ্যে) বিল ফরম অবশ্যই আরটিএম বিভাগে জমা দিতে হবে। বিল ফরম জমাদানের পূর্বশর্ত হিসেবে প্রশিক্ষণার্থীকে অবশ্যই নির্দিষ্ট সময়ে পারিতোষিকের জন্য আবেদন করতে হবে। এখানে উল্লেখ্য যে, যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ স্থলের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাকটিস করেন অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করেন তাঁদের জন্য উক্ত পারিতোষিকের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

১৬. আবেদনপত্র সংক্রান্ত যে কোন সমস্যার ক্ষেত্রে কলেজের আরটিএম বিভাগের ইমেল rtmd@bcps.edu.bd এ যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

সংযুক্ত কাগজাদিঃ (অনলাই আবেদনের প্রিন্ট কপি জমা দেয়ার সময় নিম্মোক্ত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে)।

1. Attested two copies of recent passport size coloured picture
2. Attested copy of certificate of MBBS/BDS
3. Attested copy of permanent registration certificate of BMDC
4. Attested copies of training certificates (if applicable)
5. Attested copy of National ID card
6. Congratulation letter of FCPS Part-I/ Document of FCPS Part-1 result
7. Photocopy of joining letter and Office order (HMO List)
8. Photocopy of a page of the Bank Cheque book/ Bank Statement copy mentioning A/C no. & routing no.
9. Other documents (if any)

বিঃদ্রঃ এফসিপিএস ১ম পর্ব পাস করা অবৈতনিক প্রশিক্ষণার্থীগণ একবার ভাতা প্রাপ্ত হওয়ার পর বিরতি দিয়ে পূনরায় প্রশিক্ষণ শুরু করলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেনঃ

(i) অবৈতনিক প্রশিক্ষণ থেকে বিরতি নেয়ার পূর্বে প্রশিক্ষণার্থীকে অবশ্যই কলেজের অনারারি পরিচালক (আরটিএম) বরবার লিখিত আবেদনে করতে হবে যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের (বিভাগীয় প্রধান / পরিচালক) অনুমোদন থাকতে হবে।

(ii) বিরতি নেয়ার পর পূনরায় অবৈতনিক প্রশিক্ষণে যোগদান করলে প্রশিক্ষণার্থীকে কলেজের অনারারি পরিচালক (আরটিএম) বরবার লিখিত আবেদন করে জানাতে হবে। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগদানপত্র এবং অনারারি প্রশিক্ষণার্থীর তালিকা কলেজের আরটিএম বিভাগে জমা দিতে হবে।

(iii) ০৫ বছর মেয়াদী ফেলোশীপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ গ্রহণকালে যুক্তিসঙ্গত কারণে একজন প্রশিক্ষণার্থী সর্বোচ্চ ০৩ বার অবৈতনিক প্রশিক্ষণ হতে বিরতি নিতে পারবেন।